

সম্পাদকীয়

লোক-উৎস একটি বহুভাষিক আন্তর্জাতিক পিয়ার রিভিউ রিসার্চ জার্নাল। আর্টস এবং হিউম্যানিটিসের সমস্তুদিকগুলি গবেষণায় উঠে আসবে। স্পেশাল ফোকাস ইতিহাস ও সংস্কৃতির উপরে। লোক-উৎস গবেষণাধর্মী পত্রিকাটি শুরু হয়েছিল জানুয়ারী ২০১৩ সালে বার্ষিক প্রিন্ট পত্রিকা হিসেবে প্রকাশিত হয়। ইতিমধ্যে যে কয়েকটি সংখ্যা প্রকাশিত হয়েছে তার প্রতিটি সারস্বত বৌদ্ধিক সমাজে প্রশংসিত হয়েছে। ২০২১ সালে পত্রিকাটি E-Journal প্রকাশিত হয় এবং E-ISSN প্রাপ্ত হয় এবং ভারতের সীমানা ছাড়িয়ে বাংলাদেশ থেকে দুজন অধ্যাপক Editorial Board-এ যোগদান করেন। পত্রিকাটি আন্তর্জাতিক মর্যাদা সম্পন্ন হয়ে ওঠে। লোক-উৎস জার্নাল শুধু গবেষণাপত্র প্রকাশ করে না, তার সাথে সমন্বয়যোগী বিষয় ভিত্তিক নানা প্রকল্প, সেমিনার, ওয়ার্কশপ আয়োজন করে। ফলে বিভিন্ন বিষয়ে গবেষণার উদ্ভাবনী উৎসগুলি নতুন প্রজন্মের কাছে উঠে আসবে। ইতিহাস-সাহিত্য-সংস্কৃতি বিষয়ক গবেষণাপত্রগুলি ভবিষ্যৎ প্রজন্মের নিকট সম্পদ হয়ে সংরক্ষিত থাকবে।